# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৪২

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৫১. জ্ঞানের আলাপ-আলোচনা

## بَاب مُذَاكَرَةِ الْعِلْمِ

আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا الْمَسْعُودِيُّ عَنْ عَوْنٍ قَالَ قَالَ عَبْدُ اللَّهِ لِأَصْحَابِهِ حِينَ قَدِمُوا عَلَيْهِ هَلْ تَجَالَسُونَ قَالُوا لَيْسَ نُتْرَكُ وَذَاكَ قَالَ فَهَلْ تَزَاوَرُونَ قَالُوا نَعَمْ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ إِنَّ الرَّجُلَ مِنَّا لَيَفْقِدُ أَخَاهُ فَيَمْشِي فِي طَلَبِهِ إِلَى أَقْصَى الْكُوفَةِ حَتَّى يَلْقَاهُ قَالَ فَإِنَّكُمْ لَنْ تَزَالُوا بِخَيْرٍ مَا فَعَلْتُمْ ذَلِكَ

في إسناده علتان: ضعف عبد الرحمن بن عبد الله المسعودي والإنقطاع

বাংলা

৬৪২. আউন বলেন, আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু-এর সাথীরা যখন তাঁর নিকট উপস্থিত হলো, তখন তিনি তাদেরকে বললেন: তোমরা কি একত্রে বসবে? তারা বলল, না, আমরা সেটি (বসা) পরিত্যাগ করলাম। তিনি তাদেরকে জিজ্ঞেস করলেন: তাহলে কি তোমরা পরস্পরকে দেখতে এসেছো? তারা বললেন: হাঁ। হে আবু আব্দুর রহমান, আমাদের এক ব্যক্তি তার এক ভাইকে হারিয়ে ফেলেছিল, ফলে তার খোঁজে সে কুফার উপকণ্ঠ পর্যন্ত হেঁটে বেড়াচ্ছিল। অতঃপর সে তাকে পেয়ে গেলো। তখন তিনি বললেন: তোমরা যতক্ষণ এটি করতে থাকবে ততক্ষণ তোমরা কল্যাণের মধ্যেই থাকবে।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদে দু’টি ত্রুটি বিদ্যমান। ১. আব্দুর রহমান বিন আব্দুল্লাহ আল মাসউদী যয়ীফ। ২. ইনকিতা। আউন ইবনু আব্দুল্লাহ ইবনু উতবাহ ইবনু মাসউদ রা: এর সাক্ষাৎ লাভ করেন নি।

তাখরীজ: তাবারানী, আল কাবীর ৯/২২৬ নং ৮৯৭৯

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আউন ইবনু আব্দুল্লাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76018

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন